

দৈনিক আজাদী

প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

www.dainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ ◆ ৫১ তম বর্ষ ২৭০ সংখ্যা ◆ ১৫ জুন বুধবার ২০১১ খ্রি. ◆ ১ আষাঢ় ১৪১৮ সাল ◆ ১২ রজব ১৪৩২ হিজরি ◆

ভাসা ফাউন্ডেশনের প্রশিক্ষণের সনদপত্র বিতরণ

এনজিও সংস্থা ভাসা ফাউন্ডেশনের উদ্যোগে গত ১১ জুন, টি এস ডি (ট্রেনিং ফর স্কিল ডেভেলপমেন্ট) প্রকল্পের আওতায় হাতের কাজের উপর প্রশিক্ষণপ্রাপ্তদের সনদপত্র বিতরণ করা হয়। উত্তর কাটালির একটি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত সনদপত্র বিতরণ অনুষ্ঠানে ১০ নং ওয়ার্ডের কাউন্সিলর আলহাজ্ব নিহার উদ্দিন আহমেদ (মঞ্জু), ৯, ১০ ও ১৩ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর আরজু সাহাবুদ্দিন, প্রকল্প পরামর্শক প্রকৌ. প্রিয়তোষ নন্দী, নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল, রাজু চৌধুরী, প্রশিক্ষক শাহাবুদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা এলাকার উন্নয়ন তৎপরতা পরিচালনার জন্য ভাসা ফাউন্ডেশনকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। ১০ নং ওয়ার্ডের কাউন্সিলর আলহাজ্ব নিহার উদ্দিন আহমেদ (মঞ্জু) বলেন, দরিদ্র ও হতদরিদ্র ও জনগোষ্ঠীকে আর্থিকভাবে সচ্ছল করতে দক্ষ করে গড়ে তোলার কোন বিকল্প নেই। আর প্রশিক্ষণ দক্ষতা বৃদ্ধির মূল হাতিয়ার। একজন দক্ষ শ্রমিক দেশ-বিদেশে সর্বত্র আয় করতে পারে। মহিলা কাউন্সিলর আরজু সাহাবুদ্দিন বলেন, সমাজ ও রাষ্ট্রীয় কাজে সর্বত্র মেয়েদের অংশগ্রহণ নিশ্চিত করতে শিক্ষা ও প্রশিক্ষণ একান্ত প্রয়োজন। পৃথিবীতে আজ মেয়েরা অনেক দূর এগিয়ে গেছে। নিজেদের আত্মমর্যাদার নিমিত্তে মেয়েদের উপার্জনের পথে পা বাড়াতে হবে। প্রশিক্ষণ মেয়েদের উপার্জনে সাহায্য করবে। প্রেস বিজ্ঞপ্তি।